পটুয়াখালীতে জেলা যুবদলের ফ্রি মেডিকেল ক্যাম্প অনুষ্ঠিত

written by Chandradip News24 | October 27, 2024

পটুয়াখালী প্রতিনিধি:: বাংলাদেশ জাতীয়তাবাদী যুবদলের ৪৬তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন উপলক্ষে পটুয়াখালী জেলা জাতীয়তাবাদী যুবদলের উদ্যোগে ফ্রি মেডিকেল ক্যাম্প, রক্তদান ও ঔষধ বিতরণ কর্মসূচী অনুষ্ঠিত হয়েছে।

আজ, ২৭ অক্টোবর রবিবার সকালে কলেজ রোডস্থ জেলা যুবদল কার্যালয়ে ফ্রি মেডিকেল ক্যাম্পের উদ্বোধন করেন জেলা যুবদলের সভাপতি মো. মনিরুল ইসলাম লিটন।

জেলা যুবদলের ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক শিপলু খানের সঞ্চালনায় অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন জেলা বিএনপি’র আহবায়ক আলহাজ্ব আব্দুর রশিদ চুন্নু মিয়া। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন জেলা বিএনপির সদস্য সচিব স্নেহাংশু সরকার কুট্টি।

অনুষ্ঠানে জেলা যুবদলের সহ-সভাপতি এ্যাডভোকেট রুহুল আমীন রেজা, সহ-সভাপতি গোলাম রব্বানীসহ অন্যান্য নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

ফ্রি মেডিকেল ক্যাম্পের নেতৃত্বে ছিলেন জেলা যুবদলের স্বাস্থ্য বিষয়ক সম্পাদক সার্জারী বিশেষজ্ঞ ডাঃ একেএম ওমর ফারুক মসিহ। চিকিৎসা সেবায় নিয়োজিত ছিলেন গাইনি বিশেষজ্ঞ ডাঃ তানজিলাতুজ্জাহান মালিহা, মেডিকেল অফিসার তানভীর আহমেদ তৌকির, চক্ষু বিশেষজ্ঞ ডাঃ আরাফাত হোসেন নিপু, ডাঃ তাসনীম আনসারী অর্ণব এবং ডাঃ ফয়সাল হোসাইন।

বক্তারা বলেন, শহীদ রাষ্ট্রপতি শহীদ জিয়াউর রহমান ৪৬ বছর আগে জাতীয়তাবাদী যুবদল গঠন করেন। আজ ৪৬তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে বিএনপির কর্ণধার তারেক রহমানের নির্দেশনায় অসহায় দরিদ্র মানুষকে ফ্রি চিকিৎসাসেবা ও ঔষধ বিতরণ কর্মসূচী সারাদেশে যুবদলের উদ্যোগে পালিত হচ্ছে।